# বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা

## ২০২৫-২০২৬



# মৎস্য প্রশিক্ষণ একাডেমি

মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ

সাভার, ঢাকা

www.fta.fisheries.gov.bd

# মৎস্য প্রশিক্ষণ একাডেমি

## পরিচিতি

মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার, ঢাকা মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ এর একটি অঙ্গ প্রতিষ্ঠান। এ প্রশিক্ষণ একাডেমি ঢাকা জেলাধীন সাভার উপজেলার সিএন্ডবি এলাকায় ঢাকা আরিচা মহাসড়কের পূর্ব পাশে অবস্থিত। এ প্রতিষ্ঠানের প্রাথমিক দায়িত্ব মৎস্য অধিদপ্তরে কর্মরত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি করা। মৎস্য অধিদপ্তরাধীন একমাত্র এ প্রশিক্ষণ একাডেমির নির্মাণ কাজ ১৯৯৬-৯৭ অর্থবছরে তৃতীয় মৎস্য প্রকল্পের মাধ্যমে শুরু হয় এবং ০৫ ফেব্রুয়ারি ১৯৯৮ সালে যাত্রা শুরু করে।

মৎস্য প্রশিক্ষণ একাডেমি একজন পরিচালক দ্বারা পরিচালিত হয়। একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে অনুমোদিত অর্গানোগ্রাম মোতাবেক একজন উপপরিচালক, দুইজন সহকারী পরিচালক, তিনজন উপসহকারী পরিচালক এবং একজন লাইব্রেরিয়ান দায়িত্ব পালন করে থাকেন। তাছাড়া ১৫ টি কর্মচারীর পদ রয়েছে।

জাতীয় পর্যায়ে মৎস্য চাষ সম্প্রসারণ, ব্যবস্থাপনা ও উন্নয়নের বিভিন্ন কলা কৌশল ও সম্প্রসারণের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি এবং জনমুখী মানবসম্পদ তৈরির লক্ষ্যে মৎস্য প্রশিক্ষণ একাডেমি বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ দিয়ে থাকে। এছাড়া মৎস্য অধিদপ্তরের নবনিযুক্ত ক্যাডার /নন-ক্যাডার কর্মকর্তাগণের মৌলিক প্রশিক্ষণ এবং মধ্যম ও উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাদের কারিগরি ও প্রশাসনিক দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ দিয়ে থাকে। মৎস্য প্রশিক্ষণ একাডেমির প্রশিক্ষণ কর্মসূচি মূলত দু'ধরনের- ক. দীর্ঘমেয়াদি (মৌলিক কোর্স) ও খ. স্বল্পমেয়াদি । মৌলিক কোর্স বিষয় তত্ত্বগত ও পেশা সংক্রান্ত এবং স্বল্পমেয়াদি কোর্স হল বিষয়ভিত্তিক দক্ষতা উন্নয়ন সংক্রান্ত। এছাড়াও বিভিন্ন প্রকল্পের আওতায় অধিদপ্তরীয় কর্মকর্তা ছাড়াও উন্নয়ন সহযোগী সংস্থার জনবলের প্রশিক্ষণ প্রদান করা হয়।

## এফটিএর এর কৌশলগত উদ্দেশ্য

- অধিদপ্তর এর সকল পর্যায়ের কর্মকর্তাদের প্রযুক্তিগত, ব্যবস্থাপনাগত এবং প্রশাসনিক জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির যুগোপযোগী পরিবর্তনের মাধ্যমে দায়িত্বশীল, সক্ষম ও সর্বোচ্চ পেশাদারিত্ব সম্পন্ন জনবল হিসেবে গড়ে তোলা এবং সেবার মান উন্নয়ন।
- কর্মকর্তাদের প্রযুক্তিগত উৎকর্ষতা ও তথ্য সম্পর্কে হালনাগাদ রাখা।
- সামুদ্রিক ও অভ্যন্তরীণ মৎস্য সম্পদ ব্যবস্থাপনা জোরদারকরণ এবং উৎপাদনশীলতা বৃদ্ধিকরণে কর্মকর্তাগনের জ্ঞান ও দক্ষতার উন্নয়ন।
- জলজ পরিবেশ উন্নয়ন ও জীববৈচিত্র্য রক্ষার নিমিত্তে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের জ্ঞান ও দক্ষতার উন্নয়ন এবং মনোভাবের ইতিবাচক পরিবর্তনে প্রচেষ্টা গ্রহণ।
- মৎস্য অধিদপ্তরের সকল কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন।
- কোর্স কারিকুলাম উন্নয়ন ও প্রশিক্ষণ ম্যানুয়াল/মডিউল প্রণয়ন।
- টেকসই মৎস্য সম্পদ উন্নয়ন সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয়ে সেমিনার, ওয়ার্কশপ, কনফারেন্স ইত্যাদির আয়োজন।

## প্রশিক্ষণ কার্যক্রম

এ একাডেমি বছরব্যাপী অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনার আলোকে বিভিন্ন বিষয়ের বিভিন্ন মেয়াদে কর্মদক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান এবং প্রয়োজনের নিরীখে কর্মশালা/সেমিনারের আয়োজন করে থাকে। কর্মকর্তাদের প্রাতিষ্ঠানিক কর্মদক্ষতা বৃদ্ধি, দৃঢ় ব্যক্তিত্ব গঠন, সৃজনশীলতা, কর্মক্ষেত্রে সহায়ক পরিবেশ তৈরি ও নেতৃত্বের গুণাবলী বৃদ্ধিতে অনুপ্রাণিত করার লক্ষ্যকে সামনে রেখে মৎস্য অধিদপ্তরীয় এন্ট্রিলেভেল কর্মকর্তাদের চাকুরীর প্রারম্ভেই চল্লিশ দিনব্যাপী মৌলিক প্রশিক্ষণ এ একাডেমি নিয়মিত আয়োজন করছে।

মৎস্য প্রশিক্ষণ একাডেমি অধিদপ্তরীয় কর্মকর্তাগণের প্রশিক্ষণের পাশাপাশি সমসাময়িক চ্যালেঞ্জ ও সম্ভাবনাকে কাজে লাগানোর লক্ষ্যে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগনের সমন্বয়ে ইস্যুভিত্তিক কর্মশালার আয়োজন করে থাকে। প্রযুক্তিভিত্তিক প্রশিক্ষণ মডিউল তৈরি, হালনাগাদকরণ ও ভ্যালিডেশন কর্মশালার আয়োজনও একাডেমি তার জন্মলগ্ন থেকেই সফলতার সাথে করে আসছে।

সর্বোপরি মৎস্যখাতে আধুনিক, বিজ্ঞানমনস্ক, প্রযুক্তি জ্ঞানসম্পন্ন দক্ষ জনবল তৈরীর মাধ্যমে মৎস্য উৎপাদনশীলতা বৃদ্ধি ও সেবার মানোন্নয়ন এবং এ খাতকে বাংলাদেশের উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনে অন্যতম হাতিয়ার হিসেবে প্রতিস্থিত করে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে এ প্রতিষ্ঠান কাজ করে যাচ্ছে।

মৎস্য খাতের অর্জিতব্য লক্ষ্যমাত্রার পাশাপাশি অধিদপ্তরের মিশন ও ভিশন পূরণে একাডেমি কর্তৃক প্রস্তাবিত ২০২৫-২৬ সালের প্রশিক্ষণ পরিকল্পনা পেশ করা হলো।

মৎস্য প্রশিক্ষণ একাডেমি

মৎস্য অধিদপ্তর, সাভার, ঢাকা

২০২৫-২৬ অর্থ বছরের মাসওয়ারী প্রশিক্ষণ ও কর্মশালা পরিকল্পনা

www.fta.fisheries.gov.bd

| ক্র. নং | মাসের নাম | মাসওয়ারী ব্যাচ সংখ্যা | | | | মোট দিনের সংখ্যা | মোট অংশগ্রহণকারীর সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | প্রশিক্ষণ | ইন-হাউজ প্রশিক্ষণ | কর্মশালা | মোট ব্যাচ সংখ্যা | | |
| ১ | জুলাই, ২০২৫ | ০ | ১ | ২ | ৩ | ৭ | ৩৪ |
| ২ | আগস্ট, ২০২৫ | ২ | ১ | ১ | ৪ | ১৪ | ৭৯ |
| ৩ | সেপ্টেম্বর, ২০২৫ | ০ | ১ | ০ | ১ | ১ | ১০ |
| ৪ | ১ সেপ্টেম্বর-১০ অক্টোবর, ২০২৫ | ১ | ০ | ০ | ১ | ৪০ | ২৪ |
| ৫ | অক্টোবর, ২০২৫ | ২ | ১ | ১ | ৪ | ১৪ | ৭৯ |
| ৬ | নভেম্বর, ২০২৫ | ৩ | ১ | ১ | ৫ | ১৯ | ৯৪ |
| ৭ | ডিসেম্বর, ২০২৫ | ০ | ১ | ০ | ১ | ১ | ১৯ |
| ৮ | ১ ডিসেম্বর ২০২৫-৯জানুয়ারি, ২০২৬ | ১ | ০ | ০ | ১ | ৪০ | ২৪ |
| ৯ | জানুয়ারি, ২০২৬ | ১ | ১ | ১ | ৩ | ৯ | ৫৫ |
| ১০ | ফেব্রুয়ারী, ২০২৬ | ২ | ১ | ০ | ৩ | ১১ | ৬৭ |
| ১১ | মার্চ, ২০২৬ | ১ | ১ | ০ | ২ | ৬ | ৩৪ |
| ১২ | এপ্রিল,২০২৬ | ৩ | ১ | ০ | ৪ | ১৬ | ৮২ |
| ১৩ | মে, ২০২৬ | ২ | ১ | ০ | ৩ | ১১ | ৬৭ |
| ১৪ | জুন, ২০২৬ | ০ | ০ | ১ | ১ | ১ | ৫০ |
| মোট | | ১৮ | ১১ | ৭ | ৩৬ | ১৯০ | ৭১৮ |

বি.দ্র. প্রশিক্ষণ/ইনহাউজ/ওয়ার্কশপ এর মেয়াদ যথাক্রমে ৫/১/১২দিন এবং প্রতি ব্যাচে অংশগ্রহনকারীর সংখ্যা ২৪/(১০-১৯)/১২ জন। মৌলিক প্রশিক্ষণ কোর্সের মেয়াদ ৪০দিন এবং প্রতি ব্যাচে অংশগ্রহণকারীর সংখ্যা ২৪ জন।

২৪/০৬/২৫

(অলক কুমার সাহা)

পরিচালক (চলতি দায়িত্ব)

মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার, ঢাকা।

# মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার, ঢাকা

## প্রশিক্ষণ ও কর্মশালা পরিকল্পনা (Gantt Chart), ২০২৫-২৬

| ক্র. নং | প্রশিক্ষণের শিরোনাম/বিষয় | মাসভিত্তিক কার্যক্রম | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | জুলাই | আগস্ট | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল | মে | জুন |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১ | Training on Fisheries Resource Survey System: Capacity Building Towards Quality Data Collection (3-Batch) | | ■ | | ■ | | | ■ | | | | | |
| ২ | Training for ToT on FDI & FTI Officers (2-Batch) | | ■ | | | | | | | | | ■ | |
| ৩ | Basic Training Course for Entry Level Officers of DoF (2-Batch) | | | ■ | ■ | | ■ | ■ | | | | | |
| ৪ | Training on Fish Diseases and their Remedies (2-Batch) | | | | ■ | ■ | | | | | | | |
| ৫ | Training on PPA-PPR and Financial Management. | | | | | ■ | | | | | | | |
| ৬ | Training on Food Security and Food Safety Compliances | | | | | ■ | | | | | | | |
| ৭ | Training for ToT on Basic Extention Course | | | | | | | | ■ | | | | |
| ৮ | Training on Office Management (2-Batch) | | | | | | | | ■ | | ■ | | |
| ৯ | Training on IoT based Aquaculture | | | | | | | | | ■ | | | |
| ১০ | Training on Office Administration & Governance (2-Batch) | | | | | | | | | | ■ | | |
| ১১ | Capacity Development on Implementation of Fisheries Sector related Acts and Rules | | | | | | | | | | | ■ | |
| ১২ | In House Training on Preparation of Annual Procurement Plan | ■ | | | | | | | | | | | |
| ১৩ | In-House Training on Self-Tax Assessment and Tax Return Preparation | | ■ | | | | | | | | | | |
| ১৪ | In-House Training on Audit affairs | | | ■ | | | | | | | | | |
| ১৫ | In-House Training on ACR Management | | | | ■ | | | | | | | | |
| ১৬ | In-House Training on Nothi, D-Nothi Management | | | | | ■ | | | | | | | |

| ক্র. নং | প্রশিক্ষণের শিরোনাম/বিষয় | মাসভিত্তিক কার্যক্রম | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | জুলাই | আগস্ট | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল | মে | জুন |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১৭ | In-House Training on Service Simplification | | | | | | ■ | | | | | | |
| ১৮ | In-House Training on Social media etiquette | | | | | | | ■ | | | | | |
| ১৯ | In-House Training on Govt. Servants Acts, 2018 and Government Servants (Conduct) | | | | | | | | ■ | | | | |
| ২০ | In-House Training on Office Management | | | | | | | | | ■ | | | |
| ২১ | In-House Training on skill develpoment of Classroom presentation technique and | | | | | | | | | | ■ | | |
| ২২ | In House training on Rights to Information Act, 2009 | | | | | | | | | | | ■ | |
| ২৩ | Workshop on FRSS Module formulation and validation | ■ | | | | | | | | | | | |
| ২৪ | Workshop on updating Module of Basic Training Course for Entry Level Officers of | ■ | | | | | | | | | | | |
| ২৫ | Workshop on Developing Training Module on Marine Fisheries Act,2020 and Rules 2023 | | ■ | | | | | | | | | | |
| ২৬ | Module formulation and validation workshop on Basic Computer training | | | | ■ | | | | | | | | |
| ২৭ | Module Formulation and validation Workshop on Office Administration & | | | | | ■ | | | | | | | |
| ২৮ | Module Formulation and validation Workshop on Skill Development Course of FDI & FTI Officers | | | | | | | ■ | | | | | |
| ২৯ | Validation Workshop on Training Plan and Budget Allocation for 2026-27 Fiscal Year | | | | | | | | | | | | ■ |

সূচি:
- প্রশিক্ষণ
- ইন-হাউজ প্রশিক্ষণ
- কর্মশালা

অলক কুমার সাহা
পরিচালক (চলতি দায়িত্ব)
মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার, ঢাকা
www.fta.fisheries.gov.bd